



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, মোংলা।

[নিলাম শাখা]

ই-মেইল-khulncustoms@yahoo.com

নথি নং- এস/১৮/নিলাম/০৪-২০২১/মোংলা/২০-২১/

তারিখ: 13 JUL 2021

বিক্রয় আদেশ

সূত্র: এ দপ্তরের পত্র নথি নং- এস/১৮/নিলাম/০৪-২০২১/মোংলা/২০-২১/৪০৪২, তারিখঃ ১৪.০৬.২০২১ খ্রিঃ।

জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৯৩/কাস্টমস/২০১৯, তারিখঃ ২০ শে জুন, ২০১৯ মোতাবেক নিলাম কমিটির ১০/০৬/২০২১ খ্রিঃ তারিখের সুপারিশ কমিশনার মহোদয় কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে এ আদেশের অন্তর্ভুক্ত ২ এ বর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে নিলাম সেল নং- ০৪/২০২১, তারিখ- ৩০/০৫/২০২১ খ্রিঃ এর নিম্নলিখিত লটভুক্ত পণ্য চালানের বিক্রয় আদেশ জারী করা হলো :

উল্লেখ্য যে, সূত্রোক্ত ০১ নং আদেশের সাথে সম্পূরক হিসেবে এ আদেশ জারী করা হলে।

ক্রম নং	লট নং	B/E No. Rot. No	মালামালের বর্ণনা	নিলাম সেল নং-০৪/২০২১ এর সর্বোচ্চ দরদাতার তথ্য	নিলাম সেল নং-০৪/২০২১ সর্বোচ্চ দরপত্র মূল্য	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	২১১	2011/124	Allion N2T240-5041668 CC:1500 C/O: Japan, Colour:	জনাব ঈশহাম উল হক ৩১, ইনার সার্কুলার রোড, নয় পল্টন, ঢাকা।	১২,৩০,৭৬০/-	অনুমোদন যোগ্য সিপি সাপেক্ষে খালাস যোগ্য

শর্তসমূহঃ

- ক) পণ্য যেখানে যে অবস্থায় আছে সে হিসেবে খালাসযোগ্য হবে।
- খ) প্রযোজ্য ক্ষেত্রে রীট মামলা নিষ্পত্তি ও অন্যান্য বিধিবিধান/শর্তাদি পরিপালন সাপেক্ষে খালাসযোগ্য।
- গ) প্রযোজ্য ক্ষেত্রে আমদানি নীতি আদেশ পরিপালন করতে হবে। (বিশেষত: খাদ্য সামগ্রী, কসমেটিকস, গুড়া দুধ, প্রাইম মোভার, ডাম্প ট্রাক, ডাম্পার, মিস্ত্রার লরি, সেন্সর লোডার এবং হাইড্রোলিক ক্রেন শর্ত সাপেক্ষে খালাসযোগ্য)
- ঘ) প্রযোজ্য ক্ষেত্রে নিলামক্রমের কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয় থেকে CP (Clearance Permit) গ্রহণ সাপেক্ষে পণ্য খালাসযোগ্য হবে।
- ঙ) যেকোন লট যেকোন মর্মেতে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ৩৩। এতদ্বিধয়ে বিজ্ঞ আদালতের কোনো নির্দেশনা থাকলে আইন শাখার মাধ্যমে প্রয়োজনীয় যাচাই-বাচাই পূর্বক তদনুযায়ী কার্যক্রম গ্রহণীয়। পণ্য খালাস আদেশ প্রদানের পূর্বে আইন শাখা থেকে বিজ্ঞ আদালতের কোন নিষেধাজ্ঞা আছে কিনা তা যাচাই করে নিতে হবে।
- ৩৪। উল্লেখ্য, অনুমোদিত লট সমূহের নিলামে বিক্রয় মূল্যের সম পরিমাণ অর্থ কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট হিসাব সাসপেন্স একাউন্ট নং- সি-৫৭ তে এবং উক্ত মূল্যের উপর ৫% অগ্রিম আয়কর ও ৭.৫% উৎসে মূসক এর টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে এ আদেশ জারীর দিন থেকে ১২(বার) কার্যদিবসের মধ্যে জমাদানপূর্বক মালামাল খালাস গ্রহণের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে শর্তপূরণ সাপেক্ষে) অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত মালামাল খালাস গ্রহণে ব্যর্থ হলে নিলামক্রমের অনুকূলে বিক্রয় অনুমোদন বাতিলসহ দাখিলকৃত জামানতের পে-অর্ডার রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ৩৫। নিলামে অনুমোদিত যে কোন লট বা সকল লটের অনুমোদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৩৬। বিডার/দরদাতাকে স্বয়ং উপস্থিত হয়ে তার অনুকূলে বিক্রিত পণ্যচালান খালাস নেয়ার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মেহেবুব হক)

ডেপুটি কমিশনার ও

সদস্য সচিব, নিলাম কমিটি।

তারিখ:

13 JUL 2021

নথি নং- এস/১৮/নিলাম/০৪-২০২১/মোংলা/২০-২১/ ৪০৪২ (৪)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারম্যান, বি.আর.টি.এ, প্রধান কার্যালয়, এলেন বাড়ী, পুরাতন বিমান বন্দর সড়ক, তেজগাঁও, ঢাকা।

০২। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ, বিআরটিএ ঢাকা সার্কেল (উত্তর), মিরপুর-১৩, ঢাকা।

০৩। সহকারী কমিশনার, মোংলা বন্দর জেটি পরীক্ষণ/জেটি গেট, মোংলা, বাগেরহাট।

০৪। সহকারী ট্রাফিক ম্যানেজার (প্রঃপঃ/কন্টেইনার), মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।

০৫। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট (বিক্রয়াদেশের কপি এ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।

০৬। নিলামক্রমের ----- :

০৭। নোটিশ বোর্ড, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট। (ডেসপ্যাচ শাখাকে বিক্রয়াদেশের কপি এ দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর জন্য বলা হলো)।

০৮। অফিস কপি।

সদয় অবগতির জন্য :

০১। দ্বিতীয় সচিব, (শুষ্ক: নিলাম ও বকেয়া), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০২। পিএ টু কমিশনার/যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট।

(মোঃ মাসুদ রানা)

রাজস্ব কর্মকর্তা (চ:দাঃ)